গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
শাখা-২,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৪, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.dhaka.ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.২৬০০.০০০.০০২.০৬.০০০১.২৫.২৭০

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ / ০৫ জুলাই ২০২৬

**সভার নোটিশ**

**বিষয়: আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত ওএলএম সেবা ও অত্র দপ্তরের কার্যক্রম বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত ওএলএম সেবা ও অত্র দপ্তরের কার্যক্রম বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা নিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে ২০ জুলাই ২০২৬ তারিখ সোমবার বেলা ১১.৩০ টায় অত্র দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। **উক্ত সভায় প্রধান নিয়ন্ত্রক মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন**।

২.০ সভায় আপনাকে/একজন উপযুক্ত প্রতিনিধিকে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

৩.০ বিগত ২০-০১-২০২৬ তারিখের সভার কার্যবিবরণী এবং সিদ্ধান্তের বাস্তবায়ন/অগ্রগতি (সভার কার্যপত্র) এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।

০৫-০৭-২০২৬
মোঃ ওবায়দুল্লাহ
উপ নিয়ন্ত্রক
ফোন : ০১৭১১০২০৪০৬
ইমেইল : ac3.dhaka@ccie.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।।
৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।।
৪। মেম্বার (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।।
৫। মেম্বার (আয়কর), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।।
৬। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, ৩৮-৪৬ কাজী আলাউদ্দিন রোড ফুলবাড়ীয়া, ঢাকা-১০০০।
৭। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি: প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা।।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি ভবন, (১০ তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগর ভবন, ঢাকা-১০০০।।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২।।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ১০ বঙ্গবন্ধু সম্প্রসারিত সড়ক, নারায়ণগঞ্জ ১৪০০।।

১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর নগর ভবন, গাজীপুর।।
১৫। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫/৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৬। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা।।
১৭। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ, বিসিআইসি ভবন, (৪র্থ তলা)৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।।
১৮। সভাপতি, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,, টাঙ্গাইল।।
১৯। সভাপতি, নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, chamber Bhaban, Chandmari Majar, Dhaka, Link Rd, Narayanganj 1400।
২০। সভাপতি, গাজীপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কে কে টাওয়ার ৪র্থ ফ্লোর, সাইনবোর্ড, ন্যাশনাল ইউনিভার্সিটি।
২১। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি (এমসিসিআই), এমসিসিআই ভবন, ৪র্থ ফ্লোর, ১২৪/ডিআইটি এভিনিউ, ঢাকা -১০০০।।
২২। সভাপতি, কিশোরগঞ্জ চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চেম্বার ভবন, করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ।।
২৩। সভাপতি, Bangladesh Specialized Textile Mills & Power loom Industries Association, ২য় ফ্লোর, সুইট: ২০৪, পল্টন টাওয়ার, ৮৭, পুরানা পল্টন লেন, ঢাকা-১০০০।।
২৪। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ), ২৭৩/০৩, পশ্চিম মানিকদি (৩য় ফ্লোর), ইসিবি চত্বর, মিরপুর ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
২৫। সভাপতি, বাংলাদেশ ওয়াচ ইম্পোটার্স এ্যাসেম্বেলার্স এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, 89 মতিঝিল বা/এ, রুম নং: ২৫-২৭, ১ম ফ্লোর, ঢাকা-১০০০।।
২৬। সভাপতি, বাংলাদেশ পিভিসি পাইপ ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, 20, Habib Market, 25 Siddiq Bazar Rd ঢাকা।।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ, নাবানা ওসমান লিংক, লেভেল-০৪, ২১৪/ডি, বীর উত্তম শওকত এভিনিউ, তেজগাঁও, গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।।
২৮। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, Skylark Point (10th Floor), 24/A Bijoy Nagar, Dhaka।
২৯। সভাপতি, পুরাতন কাপড় আমদানিকারক সমিতি, তোপখানা রোড, ঢাকা-১০০০।।
৩০। সভাপতি, Bangladesh fruits vegetables & allied products exporters association, 28/1/C Toyenbee Circular Road (5th floor) Suite # 11-12, Motijheel C/A।
৩১। সভাপতি, এসোসিয়েশন অব বাংলাদেশ ক্লথ মার্চেন্টস, ১/৩০, কালীরবাজার, এসিধর রোড, নারায়নগঞ্জ।।
৩২। সভাপতি, বাংলাদেশ অটো স্পেয়ার পার্টস মার্চেন্টস এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, Mahmuda Market, 1st Floor 90, BCC Road, Thatari Bazar, Dhaka- 1203, Bangladesh।
৩৩। সভাপতি, বাংলাদেশ ঠিকাদার সমিতি, ৪/১৯, হুমায়ুন রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।।
৩৪। সভাপতি, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ), Adamjee Court, Main Building (4th Floor), 115-120, Motijheel C/A, Dhaka-1000।
৩৫। সভাপতি, বাংলাদেশ মেডিকেল ইন্সট্রুমেন্ট এন্ড হসপিটাল ইকুইপম্যান্ট ডিলার্স এন্ড ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (BMIHEDMA), ৩৩, মিটফোর্ড রোড, ঢাকা-১১০০।।
৩৬। সভাপতি, বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইম্পোর্টার্স এন্ড ডিলার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার (১৫ তলা)১৫/৫, বিজয়নগর, ঢাকা।।
৩৭। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশন, House # 06, Road # 10, Sector # 15/C-1 (Near Uttara north metro rail station) Uttara, Dhaka, Bangladesh।
৩৮। সভাপতি, লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স & এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন ওফ বাংলাদেশ (এলএফএমইএবি), Harbour Gulshan Link, Ta-94/B (1st & 2nd Floor), Middle Badda, Gulshan Link Road, Dhaka-1212, Bangladesh.।
৩৯। সভাপতি, এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৪০৬/বি, খিলগাঁও, চৌধুরী পাড়া, ঢাকা-১২১৭।।
৪০। সভাপতি, Bangladesh Plastic Babosayee Samity, 40, K.B. Rudra Road ( 3rd Floor), Chawkbazar, Dhaka।
৪১। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, রোড: ৭/এ, বাড়ি: ৮৮, ফ্ল্যাট# এ-১, (২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।।
৪২। সভাপতি, বাংলাদেশ লেদার গুডস ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশন, ১০, জুমরাইল লেন, নয়াবাজার, ঢাকা।।

৪৩। সভাপতি, বাংলাদেশ জুট গুডস এসোসিয়েশন, ৯/জি, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।।

৪৪। সভাপতি, বাংলাদেশ পাদুকা প্রস্তুতকারক সমিতি, ১৬/২/সি, জয়নাথ রোড, বকসিবাজার, লালবাগ, ঢাকা-১২১১।।

৪৫। সভাপতি, এগ্রিকালচারাল মেশিনারী ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৬/এ/১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।।

৪৬। সভাপতি, বাংলাদেশ ইলেকট্রিক্যাল এসোসিয়েশন, বিইএ ভবন, ১৪৪/২, নবাবপুর রোড ,ঢাকা-১১০০ BEA Bhaban, 144/2, Nawbabpur Road, Dhaka-1100।

৪৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিঃ, প্লট: ১০৮৮, ব্লক: আই, সাবরিনা সোবাহন রোড, ব ◌ াটারা, খিলক্ষেত, বসুন্ধরা আর/এ, ঢাকা-১২২৯।

৪৮। সভাপতি, (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ:৭/৭এ, ব্লক: এইচ ১, সেক্টর: ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।।

৪৯। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, আকিজ ফুড এন্ড বেভারেজ, আকিজ হাউস, ১৯৮ বীর উত্তম, মীর শওকত সড়ক, লিং ক রোড, ঢাকা-১২১২।।

৫০। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), লেভেল-৮, ইউটিসি ভবন, ৮ পান্থপথ, ঢাকা-১২১৫। ।

৫১। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, রেনেটা পিএলসি, Plot No. 1, Milk Vita Road, Section-7, Mirpur, Dhaka-1216, Bangladesh.।

৫২। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশেন (বিকেএমইএ), বিকেএমইএ ভবন, ৫ ৩-৫৪ নবাব সলিমুল্লাহ রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ।।

৫৩। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ডাবর বাংলাদেশ প্রাইভেট লিমিটেড, ৫ম তলা, নতুন ৯০ পুরাতন, সাউথ ব্রীজ স্কয়ার, ৫২ গুলশান এভিনিউ, ঢাকা ১২১২।।

৫৪। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, প্রাণ আরএফএল গ্রুপ, প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫, প্রগতি স্বরণি, মধ্য বাড্ডা, ঢা কা-১২১২, বাংলাদেশ।।

৫৫। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, সিটি গ্রুপ, সিটি হাউজ, বাসা নং: ০৬, রোড নং: ৫১, গুলশান-২, ঢাকা-১২১২।।

৫৬। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, দেশ বন্ধু গ্রুপ, হাউজ ৫৯, রোড নং: ২৭, ব্লক: কে, বনানী ঢাকা।।

৫৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাংস গ্রুপ, ১১৭/এ, র‍্যাংস ভবন, পুরাতন এয়ারপোর্ট, তেজগাঁও ঢাকা।।

৫৮। সভাপতি, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, 5th Floor, TMC Building, 52 নিউ ইস্কাটন রোড, ঢাকা।।

৫৯। সভাপতি, .......................................................................................................................................।

৬০। ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, ...................................................................................................................................................................................।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।

৩। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

৫। নির্বাহী অফিসার, শাখা-৩, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (আনুমানিক ৮০ জনের লাঞ্চসহ আপ্যায়নের বিধি ম ◌োতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৬। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

৭। ব্যক্তিগত সহকারী, নিয়ন্ত্রক এর শাখা, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
শাখা-২
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৪,
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.dhaka.ccie.gov.bd

**বিষয়ঃ আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এর কার্যক্রম এবং OLM বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | মাসুদুল মান্নান<br>নিয়ন্ত্রক |
| সভার তারিখ | ২০ জানুয়ারি ২০২৬ |
| সভার সময় | ১১.৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষে |
| উপস্থিতি | **পরিশিষ্ট- (ক)** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় বিভিন্ন দপ্তর/সংস্থা, চেম্বার/এসোসিয়েশন ও বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের উপস্থিতিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, Online License Module (OLM) এর কার্যক্রমসহ এ দপ্তরের অন্যান্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আরও উল্লেখ করা হয় যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকায় বর্তমানে সকল সেবা Online License Module (OLM) এবং ডি-নথির মাধ্যমে প্রদান করা হচ্ছে। দপ্তরটিকে পেপারলেস দপ্তরে রূপান্তরিত করার অংশ হিসেবে সংশ্লিষ্ট সকলের পরামর্শ ও সহযোগিতা কামনা করা হয়। এ দপ্তরের সাথে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সেবাসমুহ অনলাইনে প্রদান করার উপরও সভায় গুরুত্ব আরোপ করা হয়। এ পর্যায়ে এজেন্ডা অনুসারে নিম্নে বর্ণিত বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহ্বান করা হয়ঃ

**আলোচনা:**

২.১ লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ (এলএফএমইএবি) এর মহাসচিব জনাব মেজর মোঃ রফিকুল ইসলাম (অব:) জানান যে, বিগত সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৪.৪-এ উল্লিখিত বস্ত্রখাত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ইআরসি ইস্যুর ক্ষেত্রে সদস্যতা সনদ গ্রহণ করার জন্য BGMEA, BKMEA, BGAPMEA, EAB, BCI & Bangladesh Garments Buying House Association এর পাশাপাশি লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন উল্লেখ করা প্রয়োজন। বর্তমান রপ্তানিকারকের ক্ষেত্রে লেদার গুডস ২য় স্থানে অবস্থান করছে। তিনি আরও জানান যে, বাণিজ্য মন্ত্রণালয়ের ২১-১২-২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে উল্লেখ রয়েছে যে, শিল্প আইআরসি, বাণিজ্যিক আইআরসি ও মাল্টিন্যাশনাল আইআরসি এবং ইআরসি জারির লক্ষ্যে চেম্বার বা এসোসিয়েশনের সদস্যতা সনদ দাখিলের প্রয়োজন হবে না এবং এই সিদ্ধান্ত বাস্তবায়িত হলে বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্স প্রাপ্ত চেম্বার/এসোসিয়েশন সমুহ অস্তিত্ব সংকটে পড়বে যা কোনভাবেই কাম্য নয়। তিনি সকল এসোসিয়েশন এর পক্ষ হয়ে নিয়ন্ত্রক মহোদয়ের কাছে উক্ত সিদ্ধান্ত পুনঃবিবেচনার বার্তা বাণিজ্য মন্ত্রণালয়ে পৌঁছানোর অনুরোধ জানান।

২.২ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর সিনিয়র অতিরিক্ত মহাসচিব শাহ মোঃ আব্দুল খালেক জানান যে, বাণিজ্য মন্ত্রণালয়ের ২১-১২-২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত এর পরিপ্রেক্ষিতে তিনি জানান যে, যারা রপ্তানির উদ্দেশ্যে আমদানি করে থাকে বা যারা কাঁচামাল অথবা যন্ত্রাংশ আমদানি করে থাকে সে সকল ক্ষেত্রে আইআরসি জারির সময় সদস্যতা সনদ দাখিলের বাধ্যবাধকতা করা যায়। আর যারা গ্লোবাল বাংলাদেশে চাল, ডাল আমদানি করবে তাদের জন্য সদস্যতা সনদ ছাড়ায় আইআরসি প্রদান করা যেতে পারে। তিনি আরেও বলেন যে, বাণিজ্য মন্ত্রণালয়ের উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব নয় কেননা সদস্যতা সনদ ছাড়া আইআরসি এবং ইআরসি জারি করা সম্ভব নয় এবং বাণিজ্য সংগঠন আইনের মাধ্যমে চেম্বার এবং এসোসিয়েশন চলে। বাণিজ্য সংগঠন আইনে সদস্যতা সনদ ছাড়া আইআরসি এবং ইআরসি জারি করা সম্ভব নয় তার বিধান রয়েছে। এই দু'রকম সিদ্ধান্ত বহাল রাখা সম্ভব নয়। বাণিজ্য সংগঠনের সংশ্লিষ্ট সকল চেম্বার এবং এসোসিয়েশনের সদস্যতা সনদ গ্রহণপূর্বক আইআরসি এবং ইআরসি জারি করা এবং সকল ব্যবসা প্রতিষ্ঠানকে সেবা সহজীকরণ করার জন্য মতামত প্রদান করেন। তিনি বিডার উদ্দেশ্যে আরও জানান যে, বিডার ওয়েবসাইটের সাথে OLM ওয়েবসাইটের সাথে লিংক রয়েছে যার পরিপ্রেক্ষিতে শিল্প আইআরসি আবেদন সরাসরি OLM ওয়েবসাইটে চলে আসে যার ফলে শিল্প আইআরসির আবেদনের সাথে চালান, বিভিন্ন তথ্য পূরণ এবং কাগজাদি সঠিক পাওয়া যায়না। পরবর্তীতে আবার বিডায় গিয়ে পুনরায় OLM ওয়েবসাইটে সাবমিট করা হয়। এই সমস্যাগুলো সমাধান করার জন্য বিডার ওয়েবসাইট এবং OLM ওয়েবসাইট পুনরায় যাচাই করা জন্য অনুরোধ করেন।

২.৩ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর উপ পরিচালক জনাব এ. এম. নুরুল হক টুটুল জানান যে, বিডার রেজিস্ট্রেশন এর আলোকে শিল্প আইআরসির জন্য বিডা হতে সুপারিশপত্রের প্রেক্ষিতে শিল্প আইআরসি জারি করা হয়। বিডার রেজিস্ট্রেশনে উল্লেখ রয়েছে যে, একজন শিল্প প্রতিষ্ঠানের চেম্বার এবং এসোসিয়েশনের সদস্যতা সনদ গ্রহণপূর্বক শিল্প আইআরসির সুপারিশ প্রদান করা হবে শুধু তাই নয় বিডার ওয়েবসাইটের সাথে চেম্বার এবং এসোসিয়েশনের একটি লিংক পর্যন্ত রয়েছে বিধায় সদস্যতা সনদ দ্রুত যাচাই-বাচাই করা যাচ্ছে। একটি শিল্প প্রতিষ্ঠানের যদি চেম্বার/এসোসিয়েশনের সদস্যতা সনদ না থাকে তাহলে ওই প্রতিষ্ঠানের কোন অস্তিত্ব পাওয়া যাবে না। তাই বিডা মনে করে সকল ইআরসি/আইআরসির জন্য সদস্যতা সনদ থাকা প্রয়োজন। তিনি আরও জানান যে, সকল শিল্প আইআরসি তারা কারখানা পরিদর্শন করেন যা সুপারিশপত্রে পরিদর্শন কর্মকর্তার নামসহ উল্লেখ করা হয় এবং সংশ্লিষ্ট সকল কাগজাদি যাচাই-বাচাই করে OLM ওয়েবসাইটে সুপারিশপত্র দাখিল করেন। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-এ আগামী ২৯-০১-২০২৬ তারিখে বিজনেস পোর্টাল সার্ভিস চালু করবেন। ট্রেড লাইসেন্স এর ব্যাপারে বিনিয়োগকারী সেবা সহজীকরণের জন্য যে সার্ভিসগুলো রয়েছে যেমন: নেম ক্লিয়ারেন্স, কোম্পানি রেজিস্ট্রেশন, ট্রেড লাইসেন্স, ব্যাংক একাউন্ট ওপেনিং এই ৫টি সার্ভিস একটি আবেদনে চলে আসবে। এই একটি আবেদনের মাধ্যেমে বিনিয়োগকারী খুব সহজেই এই পাঁচটি সার্ভিস পেয়ে যাবে। ইতোমধ্যে বিভিন্ন সিটি কর্পোরেশন বিডার সাথে চুক্তিপত্র স্বাক্ষর করেছে। এছাড়াও সকল পৌরসভার সাথে আলোচনা চলছে যেন ওয়েবসাইটের আওতাভুক্ত হয়ে যায় যেন বিনিয়োগকারী খুব সহজেই ট্রেড লাইসেন্স পেয়ে ব্যবসা করতে পারে। একজন বিনিয়োগকারী কোন ব্যবসা করার জন্য অবশ্যই ট্রেড লাইসেন্স এবং সদস্যতা সনদ গ্রহণ করা আবশ্যক। তিনি আরও বলেন যে, একই টিআইএন এ একাধিক শিল্প অথবা বাণিজ্যিক আইআরসি থাকলে প্রধান নিয়ন্ত্রক দপ্তরে একটি সভা আয়োজনের মাধ্যমে একই টিনে একাধিক শিল্প অথবা বাণিজ্যিক আইআরসি সুপারিশ করে থাকেন। উক্ত সভায় বিডা হতে একজন প্রতিনিধি মনোনয়ন করে থাকে যা বিগত কয়েকমাসে কোন সভার নোটিশ পাওয়া যায়নি।

২.৪ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর ওয়্যারহাউজ ইন্সপেক্টর জনাব মোঃ ইব্রাহিম ভূঁঞা জানান যে, ফায়ার সার্ভিস কর্তৃক প্রদত্ত সেবা অনলাইনে করার জন্য দক্ষ জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। আগামী ৩১ জুন ২০২৬ তারিখের মধ্যে ফায়ার সার্ভিসের সেবা অনলাইন করা হবে এবং অনলাইন সেবা পুরোপুরি চালু হলে আমদানি ও রপ্তানি অধিদপ্তরের সাথে ইনটিগ্রেশন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.৫ বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন এর আইটি হেড জনাব মোঃ আজিজুল হক রাসেল বিগত ২৫-০৬-২০২৫ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৪.৪ এ বিটিএমএ উল্লেখ করার অনুরোধ জানান। বাণিজ্য মন্ত্রণালয়ের ২১-১২-২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত এর পরিপ্রেক্ষিতে নিয়ন্ত্রক মহোদয়ের মাধ্যমে প্রধান নিয়ন্ত্রক এবং সচিব মহোদয়ের কাছে এসোসিয়েশন/চেম্বারের পক্ষ হয়ে উক্ত সিদ্ধান্ত বাতিলের সুপারিশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়ে মত প্রকাশ করেন।

২.৬ নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালক জনাব সোহেল আক্তার জানান যে, এই চেম্বারটি বাংলাদেশের প্রাচীনতম চেম্বার; এছাড়া নারায়ণগঞ্জে ইপিজেড রয়েছে এবং গার্মেন্টসসহ প্রচুর শিল্প কারখানা এ অঞ্চলে অবস্থিত। বাণিজ্য মন্ত্রণালয় সেবাসহজীকারণ এর উদ্দেশ্যে যে সিদ্ধান্ত নিয়েছেন তা হয়ত মালিক প্রতিষ্ঠানগুলোজন্য সহজ হবে। কিন্তু, একটি প্রতিষ্ঠান ব্যবসা-বাণিজ্যর জন্য যখন আমদানি/রপ্তানি করবে ঠিক তখনি একটি চেম্বার বা এসোসিয়েশন মাধ্যমে তাকে আমদানি/রপ্তানি করতে হবে। কেননা একজন বায়ার কখনো অস্তিত্বহীন কোন প্রতিষ্ঠানের নিকট আমদানি/রপ্তানি করবে না। এছাড়াও বর্তমানে ২০০-৩০০টি এসোসিয়েশন রয়েছে যা সদাস্যতা সনদ প্রদান করে থাকে। বাণিজ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্তে বেশীরভাগ এসোসিয়েশন বিলুপ্ত হয়ে যাবে যা কাম্য নয়।

২.৭ ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালক জনাব মোস্তফা এমরানুল হক জানান যে, প্রথমত বাণিজ্য মন্ত্রণালয়ের ২১-১২-২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে উল্লেখ রয়েছে যে, শিল্প আইআরসি, বাণিজ্যিক আইআরসি ও মাল্টিন্যাশনাল আইআরসি এবং ইআরসি জারির লক্ষ্যে চেম্বার বা এসোসিয়েশনের সদস্যতা সনদ দাখিলের প্রয়োজন হবে না। আশাকরি নিয়ন্ত্রক দপ্তর এখনো বাস্তবায়ন করেননি। বাণিজ্য মন্ত্রণালয়ের এই সিদ্ধান্ত ব্যবসার প্রসেসিং সিস্টেম এর বিপক্ষে গিয়ে দাড়াবে। বাংলাদেশে যত রকম রপ্তানি হয় তার ৫০% বেশীর ভাগ রপ্তানি ঢাকা চেম্বারের মাধ্যমে করে থাকে। যদি বাণিজ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বাস্তবায়ন হলে ব্যবসার প্রসেসিং সিস্টেম চরম ক্ষতিগ্রস্ত হবে। বস্ত্রখাত সংশ্লিষ্ট রপ্তানির ক্ষেত্রে ইআরসি ইস্যুর ক্ষেত্রে BGMEA, BKMEA, BGAPMEA, EAB, BCI & Bangladesh Garments Buying House Association এর পাশাপাশি জেলা চেম্বার এবং রপ্তানি সংশ্লিষ্ট সদস্যতা সনদ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।

২.৮ ক্ষুদ্র ও মিডিয়াম এন্টারপ্রাইজেস ওনার্স এসোসিয়েশন এর প্রেসিডেন্ট জনাব আলী জামান জানান যে, বাণিজ্য মন্ত্রণালয়ের ২১-১২-২০২৫ তারিখের সভায় তিনি উপস্থিত ছিলেন। আমদানিকারক এবং রপ্তানিকারকগণের সেবা সহজীকরণের জন্য বাণিজ্য মন্ত্রণালয় এই সিদ্ধান্ত গ্রহণ করেছে। কিন্তু আইআরসি/ইআরসি নিবন্ধন গ্রহনের জন্য সদস্যতা সনদ বাদ দিয়ে বাকি সব কাগজাদি যেমন: (ট্রেড লাইসেন্স,ব্যাংক সলভেন্সি, ই-টিন, ফায়ার লাইসেন্স, আরজেএসসি সার্টিফিকেট) গ্রহণপূর্বক আইআরসি/ইআরসি নিবন্ধন প্রদান করবেন। একটি সদস্যতা সনদ গ্রহণ করতে খুব বেশী অর্থ এবং সময় ব্যয় হয়না। মাননীয় প্রধান উপদেষ্টা বার বার করে বলে থাকে চাকরি না করে উদ্যোক্তা হওয়া। কিন্তু একজন উদ্যোক্তা হতে হলে প্রধান দু'টো সমস্যা মুখোমুখী হতে হয়। প্রথমত হলো অর্থ আর বিভিন্ন বড় বড় কর্পোরেট হাউজ বা প্রতিষ্ঠানের উন্নত মানের পণ্য সাথে তাল মিলিয়ে সল্প মূল্যে পণ্য বাজারে বের করা একজন উদ্যোক্তার বড় চ্যালেঞ্জ। এইসব ছোট প্রতিষ্ঠানগুলো বড় চেম্বার/এসোসিয়েশন এর সদস্যতা সনদ গ্রহণ করতে পারে না। তখন তারা ক্ষুদ্র ও মিডিয়াম এন্টারপ্রাইজেস ওনার্স এসোসিয়েশন-এর সদস্যতা সনদ গ্রহণ এবং এই এসোসিয়েশনের ফি ও কম। তিনি নিয়ন্ত্রক মহোদয় এবং এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর জনাব নাজমুল করিম-কে রপ্তানির ক্ষেত্রে ছোট ব্যবসায়ী বা মহিলা ব্যবসায়ীদের ক্ষেত্রে এসএমই ওনার্স এসোসিয়েশন এর সদস্যতা সনদ গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

২.৯ বস্ত্র অধিদপ্তর এর উপ-পরিচালক জনাব মোঃ আব্দুস সালাম প্রথমে সভা আয়োজন এবং আমন্ত্রণ দেওয়ার জন্য নিয়ন্ত্রক মহোদয়কে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। গত সভার সিদ্ধান্ত ৪.৩ এর আলোকে তিনি জানান যে, বস্ত্র অধিদপ্তর mygov এর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের পোষক বিধায় অনলাইন প্রক্রিয়া সম্পন্ন করার পর BIDA এর মত আমদানি ও রপ্তানি অধিদপ্তরের সাথে সংযুক্ত হয়ে আবেদন ট্রান্সফার করে গ্রাহক সেবা প্রদান করছে। এছাড়া অন্যান্য সেবাসমূহ ডি নথির মাধ্যমে প্রদান করছে। mygov এর মাধ্যমে শিল্প আইআরসি ১ম এডহক, ২য় এডহক, ৩য় এডহক এবং নিয়মিত এর সুপারিশ গত ডিসেম্বর হতে চালু করা হয়েছে। পর্যায়ক্রমে বস্ত্র অধিদপ্তর বর্তমানে ২৮টি সেবা অনলাইনে প্রদান করছে।

**বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৩.১ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে প্রদত্ত ফায়ার লাইসেন্স ইস্যু ও নবায়ন সেবা পুরোপুরি অনলাইনে চালু হলে আমদানি ও রপ্তানি অধিদপ্তরের সাথে ইনটিগ্রেশন করবে;

৩.২ বস্ত্র অধিদপ্তর শিল্প প্রতিষ্ঠানের পোষক বিধায় অনলাইন প্রক্রিয়া সম্পন্ন করার পর BIDA এর মত আমদানি ও রপ্তানি অধিদপ্তরের সাথে সংযুক্ত হয়ে আবেদন ট্রান্সফার করে গ্রাহক সেবা ত্বরান্বিত করবে;

৩.৩ বস্ত্র অধিদপ্তর শিল্প প্রতিষ্ঠানের পোষক বিধায় অনলাইন প্রক্রিয়া সম্পন্ন করার পর BIDA এর মত আমদানি ও রপ্তানি অধিদপ্তরের সাথে সংযুক্ত হয়ে আবেদন ট্রান্সফার করে গ্রাহক সেবা ত্বরান্বিত করবে;

৩.৪ সকল সিটি কর্পোরেশন অনলাইনে ট্রেড লাইসেন্স প্রদানসহ লাইসেন্সের কোনো ধরণের পরিবর্তন ম্যানুয়ালি না করে অনলাইনে প্রদানসহ সকল রেকর্ড সংরক্ষণ করবে এবং তা অনলাইনে ভেরিফাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৩.৫ জাতীয় রাজস্ব বোর্ড এর ই-রিটার্ন ভেরিফিকেশন সিস্টেমের সাথে দ্রুত ইন্টিগ্রেশন সম্পন্ন করা হবে;

৩.৬ সকল সেবার ক্ষেত্রে হালনাগাদ সদস্যতা সনদ গ্রহণের বিষয়ে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

আর কোনো আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়;

**সংযুক্তি:**
(১) সভার উপস্থিতির তালিকা- সংযুক্তি: উপস্থিতির তালিকা, সদয় দ্রষ্টব্য।

**সংযুক্তিঃ**
(১) উপস্থিতির তালিকা

২৮-০১-২০২৬
মাসুদুল মান্নান
নিয়ন্ত্রক
ফোন : ০২৪১০৫০২৭৮
ইমেইল : controller.dhaka@ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.২৬০০.০০০.০০২.০৬.০০০২.২৫.৫৩

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
২। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
৩। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
৪। ব্যক্তিগত সহকারী, নিয়ন্ত্রক এর শাখা, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এবং
৫। অফিস কপি, .।

২৮-০১-২০২৬
মাসুদুল মান্নান
নিয়ন্ত্রক